

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

অতীব জরুরী নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০১০.১৬. ৩০৭৭

তারিখ : ০১ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ।
১৫ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ।

বিষয় : ফরিদপুর সদর উপজেলার ১১টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠান প্রসংগে।

সূত্র : জেলা প্রশাসক, ফরিদপুর কার্যালয়ের পত্র নং-৮৪৪, তারিখঃ ০১/১২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ফরিদপুর সদর উপজেলার ১১টি ইউনিয়ন যথাক্রমে (১) কানাইপুর (২) কৈজুরী (৩) গেরদা (৪) আলিয়াবাদ (৫) ডিক্রিরচর (৬) নর্থচ্যানেল (৭) চরমাধবদিয়া (৮) অম্বিকাপুর (৯) মাচ্চর (১০) কৃষ্ণনগর (১১) ঈশানগোপালপুর এর ওয়ার্ডসমূহের সীমানা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করে গত ০৩/১১/২০১৬ তারিখে গেজেট প্রকাশ করা হয়েছে (সংযুক্তি-০১)। জেলা প্রশাসক, ফরিদপুর উল্লিখিত ১১টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, জেলা প্রশাসক, জেলা প্রশাসক, ফরিদপুর এর প্রস্তাব মোতাবেক ফরিদপুর সদর উপজেলার ১১টি ইউনিয়ন যথাক্রমে (১) কানাইপুর (২) কৈজুরী (৩) গেরদা (৪) আলিয়াবাদ (৫) ডিক্রিরচর (৬) নর্থচ্যানেল (৭) চরমাধবদিয়া (৮) অম্বিকাপুর (৯) মাচ্চর (১০) কৃষ্ণনগর (১১) ঈশানগোপালপুর ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

সচিব

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে-বাংলানগর

আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, ফরিদপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ফরিদপুর।

০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৬৮০০.০১৭.৯৯.০০২.১৬. ২০১৬

তারিখ : ০৫ পৌষ, ১৪২৩।
১৯ ডিসেম্বর, ২০১৬।

বিষয়ঃ নরসিংদী জেলার রায়পুরা উপজেলাধীন চাঁনপুর ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠান সক্রান্ত।

সূত্রঃ জেলা প্রশাসক, নরসিংদী কার্যালয়ের পত্র নং-৫০৮, তারিখঃ ২৭.১১.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মোমেন সরকার চেয়ারম্যান, চাঁনপুর ইউনিয়ন পরিষদ, রায়পুরা, নরসিংদী উক্ত ইউনিয়নের ৪, ৭ ও ৮ নং ওয়ার্ডের সীমানা পুনঃনির্ধারণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করেন (সংযুক্তি-০১)। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা কর্তৃক সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেন (সংযুক্তি-০২)। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রতিবেদন দাখিল করেন (সংযুক্তি-০৩)। প্রতিবেদনের সার্বিক মন্তব্যে উল্লেখ করা হয় যে, “উক্ত ইউনিয়নের ৪, ৭ ও ৮ নং ওয়ার্ডসমূহের পুনঃগঠন প্রয়োজন নেই। জনগণের ব্যাপক উৎসাহ উদ্দীপনার প্রেক্ষিতে চাঁনপুর ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠান করা যেতে পারে (সংযুক্তি-০৫)।” বর্ণিত বিষয়ে, মহামান্য হাইকোর্ট বিভাগে বাদী কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং-৪০৩৭/২০১৬ এর ০৭ মে, ২০১৬ তারিখে প্রদত্ত স্থগিতাদেশের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়ে গেছে (আদেশের কপি সংযুক্তি-০৬)।

০২। এমতাবস্থায়, উল্লিখিত ইউপি সীমানা সংক্রান্ত বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে বাদী কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং-৪০৩৭/২০১৬ এর ০৭ মে, ২০১৬ তারিখে প্রদত্ত স্থগিতাদেশের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়ে যাওয়ায় মামলাটি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

উপসচিব (আইন-১ অধিশাখা)
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, নরসিংদী।

০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি স্থানীয় সরকার বিভাগেরওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।